বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র

চতুর্থ অধ্যায়: যৌথমূলধনী কোম্পানির মূলধন

নমুনা সৃজনশীল প্রশ্ন ও নমুনা উত্তর (পাঠ পরিকল্পনা-১)

নমুনা প্রশ্ন -০১
(সমহারে শেয়ার ইস্যু সংক্রান্ত)

হালদা লিমিটেড প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ২০,০০,০০০ টাকার মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ইহার ৮০% শেয়ার জনসাধারণের কাছে বিক্রির উদ্দেশ্যে বিবরণপত্র ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারে চেয়ে ২০% অতিরিক্ত আবেদনপত্র পাওয়া যায়। কোম্পানি ইস্যুকৃত ১০০% শেয়ার জনসাধারণের নিকট যথারীতি বিলি করে। কোম্পানি তার অবলেখক আরেফীন এন্ড কোম্পানিকে ২% কমিশন ব্যাংকের মাধ্যমে প্রদান করে।

ক) আবেদনকৃত শেয়ার সংখ্যা ও আবেদনকৃত টাকার পরিমাণ নির্ণয় করো।
খ) কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

১(ক) নং প্রশ্ন উত্তর

প্রশ্নমতে,
আবেদনকৃত শেয়ার সংখ্যা
= ইস্যুকৃত শেয়ার সংখ্যা + ২০% অতিরিক্ত আবেদন
এখানে,
ইস্যুকৃত শেয়ার সংখ্যা = অনুমোদিত শেয়ার সংখ্যা × ৮০% = ২,০০,০০০ × ৮০% = ১,৬০,০০০
এবং **অতিরিক্ত আবেদন** = ইস্যুকৃত শেয়ার সংখ্যা × ২০% = ১,৬০,০০০ × ২০% = ৩২,০০০
∴ **আবেদনকৃত শেয়ার সংখ্যা** = ১,৬০,০০০ + ৩২,০০০ = ১,৯২,০০০

আবেদনকৃত টাকার পরিমাণ
= আবেদনকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের বিক্রয়মূল্য
= ১,৯২,০০০ শেয়ার × ১০ টাকা = ১৯,২০,০০০ টাকা

১(খ) নং প্রশ্ন উত্তর

হালদা লিমিটেড
সাধারণ জাবেদা

তারিখ	হিসাব শিরোনাম ও ব্যাখ্যা	সূত্র	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
	ব্যাংক (১,৯২,০০০×১০) ডে. শেয়ার আবেদন (১,৯২,০০০×১০) ক্রে (প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১,৯২,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল।)		১৯,২০,০০০	১৯,২০,০০০
	শেয়ার আবেদন (১,৬০,০০০×১০) ডে. শেয়ার মূলধন (১,৬০,০০০×১০) ক্রে. (প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১,৬০,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বরাদ্দ করা হলো।)		১৬,০০,০০০	১৬,০০,০০০
	শেয়ার আবেদন (৩২,০০০×১০) ডে. ব্যাংক (৩২,০০০×১০) ক্রে (প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৩২,০০০ শেয়ারের অতিরিক্ত আবেদনপত্রের টাকা ফেরত দেয়া হলো।)		৩,২০,০০০	৩,২০,০০০
	অবলেখকের কমিশন (১৬,০০,০০০×২%) ডে. ব্যাংক (১৬,০০,০০০×২%) ক্রে (বিলিকৃত শেয়ার মূলধনের ২% অবলেখকের কমিশন ব্যাংক কর্তৃক পরিশোধ করা হলো।)		৩২,০০০	৩২,০০০
	মোট=		৩৮,৭২,০০০	৩৮,৭২,০০০

[বি:দ্র:
১) পরীক্ষার সময় উত্তরপত্রে "হিসাব শিরোনাম ও ব্যাখ্যা" কলামে প্রদর্শিত টাকার অংক গণনা যা লাল কালি দিয়ে দেখানো হয়েছে তা লেখার দরকার নেই। এটি শুধুমাত্র তোমাদের বোঝার সুবিধার্থে এখানে দেখানো হয়েছে।
২) সময় থাকলে পরীক্ষায় খাতায় জাবেদার যোগফল লিখে সমাপ্তি রেখা টেনে দিবে। তবে এটা আবশ্যিক নয়।
৩) প্রশ্নপত্রে জাবেদার ব্যাখ্যা প্রদান করতে নিষেধ না করলে অবশ্যই জাবেদার ব্যাখ্যা দিতে হবে। ব্যাখ্যা ছাড়া সব লেনদেনের সঠিক জাবেদা হলেও বোর্ড পরীক্ষায় পূর্ণ নাম্বার দেয়া হয় না। এই বিষয়টির প্রতি খেয়াল রাখবে।
৪) বর্তমানে জাবেদা দাখিলায় ডেবিট/ক্রেডিট লেখা হয় না। জাবেদায় হিসাবশিরোনাম ও ব্যাখ্যা কলামে প্রথমে ডেবিট হিসাবখাত গুলি হয় তারপর নিচে সামান্য ডানে ক্রেডিট হিসাবখাত গুলি লেখা হয়। তারপর সামান্য ডানে বিবরণ লিখতে হয়। উচ্চ-মাধ্যমিক শ্রেণিতে এই নির্দেশনা পুরোপুরি অনুসরণ করার দরকার নেই। উপরোক্ত জাবেদার কাঠামোতে আমি যেভাবে জাবেদা দাখিলা প্রদান করেছি, তোমাদের সেভাবে লেখার পরামর্শ দিচ্ছি।]

১(গ) নং প্রশ্ন উত্তর

হালদা লিমিটেড
আর্থিক অবস্থার বিবরণী
..... সালের .... মাস তারিখে প্রস্তুতকৃত

বিবরণ	টাকা	টাকা
সম্পদসমূহ		
চলতি সম্পদ,ঋণ ও অগ্রিম:		
ব্যাংক জমা		১৫,৬৮,০০০
বিবিধ ব্যয় (অসমন্বিত ব্যয়):		
অবলেখকের কমিশন		৩২,০০০
মোট সম্পদ=		১৬,০০,০০০
শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ		
শেয়ার মূলধন:		
অনুমোদিত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ার	২০,০০,০০০	
ইস্যুকৃত ও বিলিকৃত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১,৬০,০০০ শেয়ার	১৬,০০,০০০	
পরিশোধিত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১,৬০,০০০ শেয়ার		১৬,০০,০০০
শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ=		১৬,০০,০০০

Test your understanding
(বরিশাল শিক্ষা বোর্ড ২০১৯)

[প্রিয় শিক্ষার্থী, নমুনা প্রশ্ন -১ এবং এর নমুনা উত্তরটি দেখে বারবার চর্চার করো। এটি পুরোপুরি রপ্ত করার পর নিচের সমস্যাটি নিজে নিজে সমাধানের চেষ্টা করো:

যমুনা লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি তন্মধ্যে ২,৬০,০০০ শেয়ার জনসাধারণের কাছে ইস্যু করে এবং ২,৫০,০০০ শেয়ার-এর আবেদনপত্র পায়। শেয়ারগুলো যথারীতি বন্টিত হয়। শেয়ারসমূহ জনসাধারণের কাছে বিক্রয়ের লক্ষ্যে কোম্পানি অবলেখকের কমিশন বাবদ ২০,০০০ টাকা নগদ প্রদান করতে চুক্তিবব্ধ হয়।
ক) অবিলিকৃত শেয়ার মূলধনের পরিমাণ নির্ণয় করো।
খ) কোম্পানির বইতে জাবেদা দাখিলা দেখাও।
গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

এবার উত্তর সংকেত থেকে মিলিয়ে নাও:
(ক) অবিলিকৃত শেয়ার মূলধন = অনুমোদিত শেয়ার মূলধন - বিলিকৃত শেয়ার মূলধন = ৩০,০০,০০০ টাকা - ২৫,০০,০০০ টাকা = ৫,০০,০০০০ টাকা। এখানে, অনুমোদিত শেয়ার মূলধন = অনুমোদিত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের অভিহিত মূল্য = ৩,০০,০০০ শেয়ার × ১০ টাকা =৩০,০০,০০০ টাকা এবং বিলিকৃত শেয়ার মূলধন = বিলিকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের অভিহিত মূল্য = ২,৫০,০০০ শেয়ার × ১০ টাকা = ২৫,০০,০০০ টাকা ।

(খ) খাতার একটি পূর্ণপৃষ্ঠায় যথাযথভাবে জাবদোর ছক অংকন করবে। তারপর উক্ত ছকে নিচের জাবেদা ৩টি লিখতে হবে। যেমন- ১। শেয়ার আবেদনের প্রাপ্ত টাকা ২৫,০০,০০০ টাকা দ্বারা ব্যাংক হিসাব ডেবিট এবং শেয়ার আবেদন হিসাব ক্রেডিট করতে হবে। ২। শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন হিসাবে স্থানান্তরের জন্য ২৫,০০,০০০ টাকা শেয়ার আবেদন হিসাব ডেবিট এবং শেয়ার মূলধন হিসাবকে ক্রেডিট করতে হবে। ৩। অবলেখকের কমিশন ২০,০০০ টাকা দ্বারা অবলেখকের কমিশন হিসাব ডেবিট এবং ব্যাংক হিসাবকে ক্রেডিট করতে হবে। জাবেদায় প্রতিটি লেনদেনের ব্যাখ্যা লিখতে হবে।

(গ) খাতার একটি পূর্ণপৃষ্ঠায় আর্থিক অবস্থার বিবরণীর ছক/কাঠামো অংকন করো। উক্ত কাঠামোতে সম্পদ পাশে চলতি সম্পদ শিরোনামের অধীনে ব্যাংক জমা ২৪,৮০,০০০ টাকা এবং বিবিধ ব্যয় শিরোনামের অধীনে অবলেখকের কমিশন নামে ২০,০০০ টাকা দেখাতে হবে। সম্পদ পাশের মোট সমষ্টি হবে ২৫,০০,০০০ টাকা। শেয়ারহোল্ডারদের মালিকানা স্বত্ব ও দায় পাশে প্রদত্ত সমস্যায় শুধু শেয়ার মূলধনকে শ্রেণিবিভাগ করে দেখাতে হবে। এখানে অনুমোদিত মূলধন ৩০,০০,০০০ টাকা, ইস্যুকৃত মূলধন ২৬,০০,০০০ টাকা এবং বিলিকৃত মূলধন ২৫,০০,০০০ টাকা ইনারকলামে লিখে টাকার অংকের নিচে সমাপ্তি রেখা টেনে দিবে হবে । শুধুমাত্র আদায়কৃত শেয়ার মূলধন ২৫,০০,০০০ টাকা আউটার কলামে দেখাতে হবে। এই সমস্যায় অন্য কোন দায় নেই। তাই শেয়ারহোল্ডারদের মালিকানাস্বত্ব ও মোট দায়ের সমষ্টি ২৫,০০,০০০ টাকা পাওয়া যাবে। যা মোট সম্পত্তির যোগফলের সমান। অর্থাৎ আর্থিক আবস্থার বিবরণীর উভয়পাশের সমষ্টি ২৫,০০,০০০ টাকা হবে।]

নমুনা প্রশ্ন - ২
(অধিহারে শেয়ার ইস্যু সংক্রান্ত)

মোহনা কোম্পানি লি. প্রতিটি ৫০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারে বিভক্ত মোট ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি-এর ১২,০০০ শেয়ার ১০% অধিহারে বিক্রির উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করে। মোট ১৪,০০০ শেয়ারের আবেদন পায়। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বিলি করে এবং অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত প্রদান করে।

ক) অবিলিকৃত শেয়ার মূলধনের পরিমাণ নির্ণয় করো।

খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।

গ) মোহনা কোম্পানি লি.-এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

২(ক) নং প্রশ্ন উত্তর

অবিলিকৃত শেয়ার মূলধণের পরিমাণ

= অনুমোদিত শেয়ার মূলধন - বিলিকৃত শেয়ার মূলধন

এখানে, অনুমোদিত শেয়ার মূলধন

= অনুমোদিত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের অভিহিত মূল্য

= ২০,০০০ শেয়ার × ৫০ টাকা

= ১০,০০,০০০ টাকা

এবং বিলিকৃত শেয়ার মূলধন

= বিলিকৃত শেয়ার সংখ্য × প্রতি শেয়ারের অভিহিত মূল্য

= ১২, ০০০ শেয়ার × ৫০ টাকা

= ৬,০০,০০০ টাকা

∴ অবিলকৃত শেয়ার মূলধনের পরিমাণ

= ১০, ০০, ০০০ টাকা - ৬,০০,০০০ টাকা

=৪,০০,০০০ টাকা।

২(খ) নং প্রশ্ন উত্তর

মোহানা কোম্পানি লিমিটেড
সাধারণ জাবেদা

তারিখ	হিসাব শিরোনাম ও ব্যাখ্যা	সূত্র	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
	ব্যাংক (১৪,০০০×৫৫) ডে. শেয়ার আবেদন (১৪,০০০×৫৫) ক্রে (প্রতি শেয়ার ৫ টাকা অধিহারসহ ৫৫টাকা মূল্যের ১৪,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল।)		৭,৭০,০০০	 ৭,৭০,০০০
	শেয়ার আবেদন (১২,০০০×৫৫) ডে. শেয়ার মূলধন (১২,০০০×৫০) ক্রে. শেয়ার অধিহার (১২,০০০×৫) ক্রে. (বিলিকৃত ১২,০০০ শেয়ারের টাকা প্রতি শেয়ার ৫০ টাকা করে শেয়ার মূলধন হিসাবে এবং প্রতি শেয়ার ৫টাকা করে শেয়ার অধিহার হিসাবে স্থানান্তর করা হলো।)		৬,৬০,০০০	 ৬,০০,০০০ ৬০,০০০
	শেয়ার আবেদন (২,০০০×৫৫) ডে. ব্যাংক (২,০০০×৫৫) ক্রে (প্রতি শেয়ার ৫৫ টাকা মূল্যের ২,০০০ শেয়ারের অতিরিক্ত আবেদনপত্রের টাকা ফেরত দেয়া হলো।)		১,১০,০০০	 ১,১০,০০০
	মোট=		১৫,৪০,০০০	১৫,৪০,০০০

[বি:দ্র:

৫) পরীক্ষার সময় উত্তরপত্রে “হিসাব শিরোনাম ও ব্যাখ্যা” কলামে প্রদর্শিত টাকার অংক গণনা যা লাল কালি দিয়ে দেখানো হয়েছে তা লেখার দরকার নেই। এটি শুধুমাত্র তোমাদের বোঝার সুবিধার্থে এখানে দেখানো হয়েছে।

৬) সময় থাকলে পরীক্ষায় খাতায় জাবেদার যোগফল লিখে সমাপ্তি রেখা টেনে দিবে। তবে এটা আবশ্যিক নয়।

৭) প্রশ্নপত্রে জাবেদার ব্যাখ্যা প্রদান করতে নিষেধ না করলে অবশ্যই জাবেদার ব্যাখ্যা দিতে হবে। ব্যাখ্যা ছাড়া সব লেনদেনের সঠিক জাবেদা হলেও বোর্ড পরীক্ষায় পূর্ণ নাম্বার দেয়া হয় না। এই বিষয়টির প্রতি খেয়াল রাখবে।

৮) বর্তমানে জাবেদা দাখিলায় ডেবিট/ক্রেডিট লেখা হয় না। জাবেদায় হিসাবশিরোনাম ও ব্যাখ্যা কলামে প্রথমে ডেবিট হিসাবখাত গুলি হয় তারপর নিচে সামান্য ডানে ক্রেডিট হিসাবখাত গুলি লেখা হয়। তারপর সামান্য ডানে বিবরণ লিখতে হয়। উচ্চ-মাধ্যমিক শ্রেণিতে এই নির্দেশনা পুরোপুরি অনুসরণ করার দরকার নেই। উপরোক্ত জাবেদার কাঠামোতে আমি যেভাবে জাবেদা দাখিলা প্রদান করেছি, তোমাদের সেভাবে লেখার পরামর্শ দিচ্ছি।]

২(গ) নং প্রশ্ন উত্তর

মোহানা কোম্পানি লিমিটেড

আর্থিক অবস্থার বিবরণী

..... সালের .... মাস তারিখে প্রস্তুতকৃত

বিবরণ	টাকা	টাকা
সম্পদসমূহ		
চলতি সম্পদ:		
ব্যাংক জমা		৬,৬০,০০০
মোট সম্পদ=		৬,৬০,০০০
শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ		
শেয়ার মূলধন:		
অনুমোদিত মূলধন: প্রতি শেয়ার ৫০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার	১০,০০,০০০	
ইস্যুকৃত ও বিলিকৃত মূলধন: প্রতি শেয়ার ৫০ টাকা মূল্যের ১২,০০০ শেয়ার	৬,০০,০০০	
পরিশোধিত মূলধন: প্রতি শেয়ার ৫০ টাকা মূল্যের ১২,০০০ শেয়ার		৬,০০,০০০
সঞ্চিতি ও উদ্বৃত্ত:		
শেয়ার অধিহার		৬০,০০০
শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ=		৬,৬০,০০০

Test your understanding

(সিলেট শিক্ষা বোর্ড ২০১৯)

[প্রিয় শিক্ষার্থী, নমুনা প্রশ্ন -২ এবং এর নমুনা উত্তরটি বারবার চর্চার মাধ্যমে এটি তোমার পুরোপুরি আয়ত্বে আনার পর নিচের সমস্যাটি নিজে নিজে সমাধানের চেষ্টা করো:

মৃন্ময় কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধন ৮,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা। কোম্পানি অনুমোদিত মূলধনের ৫০% শেয়ার ১০% অধিহারে মূলধন সংগ্রহের উদ্দেশ্যে বাজারে ছাড়লো। কোম্পানি ইস্যুকৃত মূলধনের অতিরিক্ত ২৫% শেয়ারের আবেদন পায়। কিন্তু অতিরিক্ত আবেদনের সম্পূর্ণ অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হয়।

ক) শেয়ার বিলিসংক্রান্ত জাবেদা দাখিলা দাও।(ব্যাখ্যাবিহীন)

খ) ব্যাংক হিসাব ও শেয়ার অধিহার হিসাব প্রস্তুত করো।

গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রদর্শন করো।

এবার উত্তর সংকেত থেকে মিলিয়ে নাও:

- ✓ প্রতিটি শেয়ারের লিখিত মূল্য ১০০ টাকা। প্রতি শেয়ারে অধিহারের পরিমাণ= ১০০ টাকা × ১০%=১০ টাকা। প্রতি শেয়ারের বিক্রয়মূল্য (১০০+১০)টাকা = ১১০ টাকা।
- ✓ অনুমোদিত শেয়ার সংখ্যা ৮,০০০। ইস্যুকৃত শেয়ার সংখ্যা= অনুমোদিত শেয়ার সংখ্যা × ৫০% = ৮,০০০ × ৫০% = ৪,০০০।
- ✓ আবেদনকৃত শেয়ার সংখ্যা= ইস্যুকৃত শেয়ার সংখ্যা + ইস্যুকৃত শেয়ার সংখ্যার ২৫% = ৪,০০০+ ৪,০০০ × ২৫%= ৪,০০০ + ১,০০০= ৫,০০০।
- ✓ ফেরতকৃত শেয়ার আবেদন সংখ্যা = (৫,০০০-৪,০০০) = ১,০০০।
- ✓ ফেরতকৃত অর্থের পরিমাণ = ফেরতকৃত শেয়ার আবেদন সংখ্যা × প্রতিটি শেয়ারের বিক্রয়মূল্য = ১,০০০ ×১১০ টাকা = ১,১০,০০০ টাকা।
- ✓ মোট শেয়ার অধিহারের পরিমাণ = বিলিকৃত শেয়ার সংখ্যা× শেয়ার প্রতি অধিহার = ৪,০০০ শেয়ার × ১০ টাকা = ৪০,০০০ টাকা।

আমার বিশ্বাস, এই গণনাগুলি থেকে তোমরা জাবদো, ব্যাংক হিসাব, শেয়ার অবহার হিসাব ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় তথ্যগুলি পেয়ে যাবে।]

নমুনা প্রশ্ন-০৩
(অধিহারে শেয়ার ইস্যু সংক্রান্ত)

প্রগতি টেক্সটাইলস লি: প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত ৫০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি অনুমোদিত শেয়ারের ৬০% প্রতি শেয়ার ১০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করে। জনসাধারণের নিকট ইস্যুকৃত শেয়ার চেয়ে ৫% বেশি আবেদন পাওয়া যায় এবং কোম্পানির পরিচালন পর্যদ তা যথারীতি বন্টিত করে।

জনসাধারণের নিকট ইস্যুকৃত শেয়ারের ওপর শেয়ার প্রতি ০.৫০ টাকা হারে অবলেখকের কমিশন এবং ০.২৫ টাকা হারে ব্যাংক চার্জ ধার্য করা হলো এবং তা ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হয়।

ক) অতিরিক্ত পরিশোধিত মূলধন (Additional Paid-In Capital)-এর পরিমাণ নির্ণয় করো।

খ) কোম্পানির বইতে শেয়ার ইস্যু সংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও।

গ) ব্যাংক জমা ৩০,৬০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি।

৩(ক) নং প্রশ্ন উত্তর

অতিরিক্ত পরিশোধিত মূলধন - এর পরিমাণ

= বিলিকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের অধিহার

এখানে, বিলিকৃত শেয়ার সংখ্যা

= অনুমোদিত শেয়ার সংখ্যা × ৬০%

= ৫,০০,০০০ শেয়ার × ৬০%

= ৩,০০,০০০ শেয়ার

এবং প্রতি শেয়ারের অধিহার

= প্রতি শেয়ারের অভিহিত মূল্য × ১০%

= ১০ টাকা × ১০%

= ১ টাকা

∴ **অতিরিক্ত পরিশোধিত মূলধনের পরিমাণ** = ৩, ০০, ০০০০ শেয়ার × ১ টাকা = ৩,০০,০০০ টাকা।

[নোট: আধুনিককালে "শেয়ার অধিহার" ও "শেয়ার অবহার" নামে কোন হিসাব খোলা হয় না। আমেরিকান হিসাববিজ্ঞানীরা "শেয়ার অধিহার" ও "শেয়ার অবহার" হিসাব-এর পরিবর্তে বর্তমানে একটি মাত্র হিসাব "অতিরিক্ত পরিশোধিত মূলধন (Additional Paid-In Capital)" খোলার পরামর্শ দিয়েছেন। অধিহারে শেয়ার ইস্যু করা হলে শেয়ার অধিহারের টাকা দ্বারা উক্ত হিসাব ক্রেডিট এবং অবহারে শেয়ার ইস্যু করা হলে অবহারের টাকা দ্বারা উক্ত হিসাবকে ডেবিট করা হয়। **]**

৩(খ) নং প্রশ্ন উত্তর

[সমস্যাটি সমাধানের জন্য নিচের গণনাসমূহ সহায়ক হবে:

- ✓ প্রতি শেয়ারের লিখিত মূল্য ১০ টাকা। প্রতি শেয়ারে অধিহারের পরিমাণ= ১০ টাকা × ১০%=১ টাকা। প্রতি শেয়ারের বিক্রয়মূল্য (১০+১)টাকা = ১১ টাকা।
- ✓ অনুমোদিত শেয়ার সংখ্যা ৫,০০,০০০। ইস্যুকৃত শেয়ার সংখ্যা= অনুমোদিত শেয়ার সংখ্যা × ৬০% = ৫,০০,০০০ × ৬০% = ৩,০০,০০০।
- ✓ আবেদনকৃত শেয়ার সংখ্যা = ইস্যুকৃত শেয়ার সংখ্যা+ ৫% অতিরিক্ত আবেদন= ৩,০০,০০০+ (৩,০০,০০০×৫%)= ৩,০০,০০০+ ১৫,০০০ = ৩,১৫,০০০।
- ✓ আবেদনকৃত টাকার পরিমাণ= আবেদনকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের বিক্রয়মূল্য = ৩,১৫,০০০ শেয়ার ×১১ টাকা = ৩৪,৬৫,০০০ টাকা
- ✓ ফেরতকৃত শেয়ার আবেদন সংখ্যা = আবেদনকৃত শেয়ার সংখ্যা - ইস্যুকৃত শেয়ার সংখ্যা =৩,১৫,০০০ - ৩,০০,০০০ = ১৫,০০০।
- ✓ ফেরতকৃত অর্থের পরিমাণ = ফেরতকৃত শেয়ার আবেদন সংখ্যা × প্রতিটি শেয়ারের বিক্রয়মূল্য = ১৫,০০০ ×১১ টাকা = ১,১০,০০০ টাকা।
- ✓ মোট শেয়ার অধিহারের পরিমাণ = বিলিকৃত শেয়ার সংখ্যা× শেয়ার প্রতি অধিহার = ৩,০০,০০০ শেয়ার × ১ টাকা = ৩,০০,০০০ টাকা।
- ✓ অবলেখকের কমিশন = বিলিকৃত শেয়ার সংখ্যা× প্রতি শেয়ারের কমিশন = ৩,০০,০০০ শেয়ার × ০.৫০ টাকা = ১,৫০,০০০ টাকা।
- ✓ ব্যাংক চার্জ = বিলিকৃত শেয়ার সংখ্যা× প্রতি শেয়ারের ব্যাংক চার্জ = ৩,০০,০০০ শেয়ার × ০.২৫ টাকা = ৭৫,০০০ টাকা।

উপর্যুক্ত গণনাসমূহ পরীক্ষার সময় উত্তরপত্রে দেখাতে হবে না।]

প্রগতি টেক্সটাইলস লিমিটেড
সাধারণ জাবেদা

তারিখ	হিসাব শিরোনাম ও ব্যাখ্যা	সূত্র	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
	ব্যাংক (৩,১৫,০০০×১১) ডে.		৩৪,৬৫,০০০	
	শেয়ার আবেদন (৩,১৫,০০০×১১) ক্রে			৩৪,৬৫,০০০
	(প্রতি শেয়ার ১টাকা অধিহারসহ ১১ টাকা মূল্যের ৩,১৫,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল।)			
	শেয়ার আবেদন (৩,০০,০০০×১১) ডে.		৩৩,০০,০০০	
	শেয়ার মূলধন (৩,০০,০০০×১০) ক্রে.			৩০,০০,০০০
	শেয়ার অধিহার (৩,০০,০০০×১) ক্রে.			৩,০০,০০০
	(বিলিকৃত ৩,০০,০০০ শেয়ারের টাকা প্রতি শেয়ার ১০ টাকা করে শেয়ার মূলধন হিসাবে এবং প্রতি শেয়ার ১ টাকা করে শেয়ার অধিহার হিসাবে স্থানান্তর করা হলো।)			
	শেয়ার আবেদন (১৫,০০০×১১) ডে.		১,৬৫,০০০	
	ব্যাংক (১৫,০০০×১১) ক্রে			১,৬৫,০০০
	(প্রতি শেয়ার ১১ টাকা মূল্যের ১৫,০০০ শেয়ারের অতিরিক্ত আবেদনপত্রের টাকা ফেরত দেয়া হলো।)			
	অবলেখকের কমিশন (৩,০০,০০০×০.৫০) ডে.		১,৬৫,০০০	
	প্রাথমিক খরচাবলি (ব্যাংক চার্জ) (৩,০০,০০০×০.২৫) ডে.		৭৫,০০০	
	ব্যাংক (৩,০০,০০০×০.৭৫) ক্রে			২,২৫,০০০
	(বিলিকৃত ৩,০০,০০০ শেয়ারের ওপর প্রতি শেয়ার ০.৫০ টাকা করে অবলেখকের কমিশন এবং প্রতি শেয়ার ০.২৫ টাকা করে ব্যাংক চার্জ ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করা হলো।)			
	মোট=		৭১,৫৫,০০০	৭১,৫৫,০০০

৩(গ) নং প্রশ্ন উত্তর

প্রগতি টেক্সটাইলস লিমিটেড

আর্থিক অবস্থার বিবরণী

..... সালের .... মাস তারিখে প্রস্তুতকৃত

বিবরণ	টাকা	টাকা
সম্পদসমূহ		
চলতি সম্পদ,ঋণ ও অগ্রিম:		
ব্যাংক জমা		৩০,৬০,০০০
বিবিধ ব্যয় (অসমন্বিত ব্যয়):		
অবলেখকের কমিশন		১,৬৫,০০০
প্রাথমিক খরচাবলি(ব্যাংক চার্জ)		৭৫,০০০
মোট সম্পদ=		৩৩,০০,০০০
শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ		
শেয়ার মূলধন:		
অনুমোদিত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ার	৫০,০০,০০০	
ইস্যুকৃত ও বিলিকৃত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ শেয়ার	৩০,০০,০০০	
পরিশোধিত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ শেয়ার		৩০,০০,০০০
সঞ্চিতি ও উদ্বৃত্ত:		
শেয়ার অধিহার		৩,০০,০০০
শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ=		৩৩,০০,০০০

Test your understanding

(রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম ও বরিশাল শিক্ষা বোর্ড ২০১৮)

[প্রিয় শিক্ষার্থী, নমুনা প্রশ্ন -৩ এবং এর নমুনা উত্তরটি বারবার চর্চার মাধ্যমে এটি তোমার পুরোপুরি আয়ত্বে আনার পর নিচের সমস্যাটি নিজে নিজে সমাধানের চেষ্টা করো:

আশরাফ কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৮,০০,০০০ শেয়ারে বিভক্ত ৮০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি উহার ৬,০০,০০০ শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করলো, কোম্পানি মোট ৭,০০,০০০ শেয়ারের জন্য আবেদন পেল। অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেওয়া হলো। প্রতি শেয়ার ০.১০ টাকা অবলেখকের কমিশন ও ০.৬০ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো।

ক) অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের মোট পরিমাণ নির্ণয় করো।

খ) কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।

গ) ব্যাংক জমা ৬৫,০৪,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

এবার উত্তর সংকেত থেকে মিলিয়ে নাও:

- ✓ প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ১০ টাকা। প্রতি শেয়ারের অধিহার = ১০ টাকা × ১০%= ১ টাকা। প্রতি শেয়ারের বিক্রয়মূল্য (১০+১)টাকা = ১১ টাকা।
- ✓ অনুমোদিত শেয়ার সংখ্যা ৮,০০,০০০। ইস্যুকৃত ও বিলিকৃত শেয়ার সংখ্যা = ৬,০০,০০০। আবেদনকৃত শেয়ার সংখ্যা= ৭,০০,০০০।
- ✓ আবেদনকৃত অর্থের পরিমাণ = আবেদনকৃত শেয়ার সংখ্যা × প্রতিটি শেয়ারের বিক্রয়মূল্য = ৭,০০,০০০ ×১১ টাকা = ৭৭,০০,০০০ টাকা।
- ✓ ফেরতকৃত শেয়ার সংখ্যা = ৭,০০,০০০ - ৬,০০,০০০ = ১,০০,০০০।
- ✓ ফেরতকৃত অর্থের পরিমাণ = ফেরতকৃত শেয়ার আবেদন সংখ্যা × প্রতিটি শেয়ারের বিক্রয়মূল্য = ১,০০,০০০ ×১১ টাকা = ১১,০০,০০০ টাকা।
- ✓ মোট শেয়ার অধিহারের পরিমাণ = বিলিকৃত শেয়ার সংখ্যা× শেয়ার প্রতি অধিহার =৬,০০,০০০ শেয়ার × ১ টাকা = ৬,০০,০০০ টাকা।
- ✓ বিলিকৃত শেয়ার মূলধন = বিলিকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের অভিহিত মূল্য = ৬,০০,০০০ শেয়ার × ১০ টাকা = ৬০,০০,০০০ টাকা।
- ✓ **অবলেখকের কমিশন** = বিলিকৃত শেয়ার সংখ্যা × শেয়ার প্রতি ধার্যকৃত কমিশন = ৬,০০,০০০ শেয়ার × ০.১০ টাকা = ৬০,০০০ টাকা।
- ✓ **ব্যাংক চার্জ** = বিলিকৃত শেয়ার সংখ্যা × শেয়ার প্রতি ধার্যকৃত ব্যাংক চার্জ = ৬,০০,০০০ শেয়ার × ০.০৬ টাকা = ৩৬,০০০ টাকা।

আশা করছি, এই গণনাগুলি দেখে তোমরা জাবদো ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় তথ্যগুলি পেয়ে যাবে।]

নমুনা প্রশ্ন-০৪

(অবহারে শেয়ার ইস্যু সংক্রান্ত)

মৌমিতা লিঃ প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি ইহার অনুমোদিত মূলধনের ৭৫% শেয়ার, প্রতি শেয়ার ১০% অবহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি ইস্যুকৃত শেয়ারের ৯০% আবেদন পায়। আবেদনকৃত শেয়ারগুলি যথারীতি বিলি করা হয়। শেয়ার প্রতি ০.৫০ টাকা হারে ব্যাংক চার্জ এবং ১ টাকা হারে অবলেখকের কমিশন ব্যাংক কর্তৃক পরিশোধ করা হয়।

ক) শেয়ার প্রতি অবহার ও মোট শেয়ার অবহারের পরিমাণ নির্ণয় করো।

খ) কোম্পানির বইতে প্রয়োজনীয়/শেয়ার ইস্যুসংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও।

গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

৪(ক) নং প্রশ্ন উত্তর

শেয়ার প্রতি অবহারের পরিমাণ

= প্রতি শেয়ারের অভিহিত মূল্য × ১০% = ১০ টাকা × ১০% = ১ টাকা

মোট শেয়ার অবহারের পরিমাণ

= বিলিকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের অবহার

এখানে, বিলিকৃত শেয়ার সংখ্যা = অনুমোদিত শেয়ার সংখ্যা × ৭৫% = ১,০০,০০০ শেয়ার × ৭৫% = ৭৫,০০০ শেয়ার

এবং, প্রতি শেয়ারের অবহার ১ টাকা

∴ **মোট শেয়ার অবহারের পরিমাণ** = ৭৫,০০০০ শেয়ার × ১ টাকা = ৭৫,০০০ টাকা।

৪(খ) নং প্রশ্ন উত্তর

মৌমিতা লিমিটেড

সাধারণ জাবেদা

তারিখ	হিসাব শিরোনাম ও ব্যাখ্যা	সূত্র	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
	ব্যাংক (৬৭,৫০০× ৯) ডে.		৬,০৭,৫০০	
	শেয়ার আবেদন (৬৭,৫০০× ৯) ক্রে			৬,০৭,৫০০
	(প্রতি শেয়ার ১ টাকা অবহার বাদে ৯ টাকা মূল্যের ৬৭,৫০০ শেয়ারের আবেদন পাওয়া গেল।)			
	শেয়ার আবেদন (৬৭,৫০০× ৯) ডে.		৬,০৭,৫০০	
	শেয়ার অবহার (৬৭,৫০০×১) ডে.		৬৭,৫০০	
	শেয়ার মূলধন (৬৭,৫০০×১০) ক্রে.			৬,৭৫,০০০
	(বিলিকৃত ৬৭,৫০০ শেয়ারের টাকা প্রতি শেয়ার ১০ টাকা করে শেয়ার মূলধন হিসাবে এবং প্রতি শেয়ার ১ টাকা করে শেয়ার অবহার হিসাবে স্থানান্তর করা হলো।)			
	অবলেখকের কমিশন (৬৭,৫০০× ১) ডে.		৬৭,৫০০	
	প্রাথমিক খরচাবলি (ব্যাংক চার্জ) (৬৭,৫০০×০.৫০) ডে.		৩৩,৭৫০	
	ব্যাংক (৬৭,৫০০×১.৫০) ক্রে			১,০১,২৫০
	(বিলিকৃত ৬৭,৫০০ শেয়ারের ওপর প্রতি শেয়ার ১ টাকা করে অবলেখকের কমিশন এবং প্রতি শেয়ার ০.৫০ টাকা করে ব্যাংক চার্জ ব্যাংক কর্তৃক পরিশোধ করা হলো।)			
	মোট=		১৩,৮৩,৭৫০	১৩,৮৩,৭৫০

৪(গ) নং প্রশ্ন উত্তর

মৌমিতা লিমিটেড

আর্থিক অবস্থার বিবরণী

..... সালের .... মাস তারিখে প্রস্তুতকৃত

বিবরণ	টাকা	টাকা
সম্পদসমূহ		
চলতি সম্পদ,ঋণ ও অগ্রিম:		
ব্যাংক জমা		৫,০৬,২৫০
বিবিধ ব্যয় (অসমন্বিত ব্যয়):		
শেয়ার অবহার		৬৭,৫০০
অবলেখকের কমিশন		৬৭,৫০০
প্রাথমিক খরচাবলি(ব্যাংক চার্জ)		৩৩,৭৫০
মোট সম্পদ=		৬,৭৫,০০০
শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ		
শেয়ার মূলধন:		
অনুমোদিত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ার	১০,০০,০০০	
ইস্যুকৃত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৭৫,০০০ শেয়ার	৭,৫০,০০০	
বিলিকৃত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৬৭,৫০০ শেয়ার	৬,৭৫,০০০	
পরিশোধিত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৬৭,৫০০ শেয়ার		৬,৭৫,০০০
শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ=		৬,৭৫,০০০

Test your understanding

(ঢাকা,দিনাজপুর, যশোর ও সিলেট শিক্ষা বোর্ড ২০১৮)

[প্রিয় শিক্ষার্থী, নমুনা প্রশ্ন -৪ এবং এর নমুনা উত্তরটি বারবার চর্চার মাধ্যমে এটি তোমার পুরোপুরি আয়ত্বে আনার পর নিচের সমস্যাটি নিজে নিজে সমাধানের চেষ্টা করো:

লিপিকা এন্ড কোং লি. প্রতিটি শেয়ার ১০০ টাকা মূল্যের ৫,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ১০% অবহারে ৩,০০০ শেয়ার জনসাধারণের মধ্যে বিক্রয়ের জন্য প্রচারপত্র ইস্যু রে। কোম্পানি ৩,৫০০ শেয়ারের জন্য আবেদন পেল।নির্ধারিত সংখ্যক শেয়ার যথারীতি বিলি করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের মধ্যে ফেরত দেওয়া হয়।

ক) শেয়ার ইস্যু সংক্রান্ত জাবেদা দেখাও (ব্যাখ্যার প্রয়োজন নেই)।
খ) কোম্পানির হিসাব বইতে ব্যাংক হিসাব ও শেয়ার অবহার হিসাব প্রস্তুত করো।
গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো।

এবার উত্তর সংকেত থেকে মিলিয়ে নাও:

- ✓ প্রতিটি শেয়ারের লিখিত মূল্য ১০০ টাকা। প্রতি শেয়ারে অবহারের পরিমাণ (১০০× ১০%) = ১০ টাকা। প্রতি শেয়ারের বিক্রয়মূল্য (১০০-১০)টাকা = ৯০ টাকা।
- ✓ অনুমোদিত শেয়ার সংখ্যা ৫,০০০। ইস্যুকৃত শেয়ার সংখ্যা ৩,০০০। ৩,৫০০ শেয়ারের আবেদন পাওয়া গেল।
- ✓ অতিরিক্ত শেয়ার আবেদন সংখ্যা = (৩,৫০০-৩,০০০) = ৫০০।
- ✓ ফেরতকৃত অর্থের পরিমাণ = ফেরতকৃত শেয়ার আবেদন সংখ্যা × প্রতিটি শেয়ারের বিক্রয়মূল্য = ৫০০ × ৯০ টাকা = ৪৫,০০০ টাকা।
- ✓ মোট শেয়ার অবহার = বিলিকৃত শেয়ার সংখ্যা × শেয়ার প্রতি অবহার = ৩,০০০ শেয়ার × ১০ টাকা = ৩০,০০০ টাকা।
- ✓ বিলিকৃত শেয়ার মূলধন= বিলিকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের অভিহিত মূল্য = ৩,০০০ শেয়ার × ১০০ টাকা = ৩,০০,০০০ টাকা।

আমার বিশ্বাস, এই গণনাগুলি থেকে তোমরা জাবদো, ব্যাংক হিসাব, শেয়ার অবহার হিসাব ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় তথ্যগুলি পেয়ে যাবে।]

Test your understanding

(ঢাকা শিক্ষা বোর্ড ২০১৯)

[মাফি লিমিটেড-এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ২% অবহারে ২,০০০ শেয়ার ইস্যুর উদ্দেশ্যে বিবরণপত্র বিলি করে। কোম্পানি মোট ২,৫০০ শেয়ারের আবেদন পেল। কোম্পানি ২,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বন্টন করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক) শেয়ার প্রতি অবহারের পরিমাণ এবং মোট অলীক সম্পত্তির পরিমাণ নির্ণয় করো।
খ) কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
গ) কোম্পানির হিসাব বইতে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

এবার উত্তর সংকেত থেকে মিলিয়ে নাও:

- ✓ প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ১০০ টাকা। প্রতি শেয়ারে অবহারের পরিমাণ (১০০× ২%) = ২ টাকা। প্রতি শেয়ারের বিক্রয়মূল্য (১০০-২)টাকা = ৯৮ টাকা।
- ✓ অনুমোদিত শেয়ার সংখ্যা ১০,০০০। ইস্যুকৃত শেয়ার সংখ্যা ২,০০০। ২,৫০০ শেয়ারের আবেদন পাওয়া গেল।
- ✓ অতিরিক্ত শেয়ার আবেদন সংখ্যা = (২,৫০০-২,০০০) = ৫০০।
- ✓ শেয়ার অবহার = বিলিকৃত শেয়ার সংখ্যা × শেয়ার প্রতি অবহার = ২,০০০ শেয়ার × ২ টাকা = ৪,০০০ টাকা।এটি অলীক সম্পত্তি। অতএব, মোট অলীক সম্পত্তির পরিমাণ ৪,০০০ টাকা।

আমার বিশ্বাস, এই গণনাগুলি থেকে তোমরা জাবদো ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় তথ্যগুলি পেয়ে যাবে।]

নমুনা প্রশ্ন-০৫

(অধিহারে বিলিকৃত শেয়ারের মাধ্যমে সম্পত্তি ক্রয় ও জনসাধারণের নিকট শেয়ার ইস্যু সংক্রান্ত)

মৌসুমি কোং লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ১০,০০,০০০ টাকা নিয়ে নিবন্ধিত হলো। কোম্পানি ইহার অনুমোদিত মূলধনের ৫০,০০০ শেয়ার জনগণের নিকট ইস্যুর সিদ্ধান্ত গ্রহণ করে।

২০১৯খ্রি:	
জানু-৩১	জমি ক্রয় করে উহার মূল্য বাবদ প্রতি শেয়ার ১০% অধিহারে ২০,০০০ শেয়ার ইস্যু করে।
ফেব্রু-০১	৩০,০০০ শেয়ার, প্রতি শেয়ার ১০% অধিহারে ইস্যুর উদ্দেশ্যে পত্রিকায় বিজ্ঞাপন প্রদান করে।
মার্চ-০১	২৮,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল।
মার্চ-১৫	আবেদনকৃত শেয়ার যথারীতি বিলি করা হলো।

ক) জমি ক্রয় বাবদ অধিহারে পরিমাণ নির্ণয় করো।
খ) কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও(ব্যাখ্যার প্রয়োজন নেই)।
গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

৫(ক) নং প্রশ্ন উত্তর

জমি ক্রয় বাবদ অধিহারের পরিমাণ

= জমি ক্রয় বাবদ বিলিকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের অধিহার

এখানে,

জমি ক্রয় বাবদ বিলিকৃত শেয়ার সংখ্যা ২০,০০০

এবং প্রতি শেয়ারের অধিহার

= প্রতি শেয়ারের অভিহিত মূল্য × ১০%

= ১০ টাকা × ১০%

= ১ টাকা

∴ জমি ক্রয় বাবদ অধিহারে পরিমাণ

= ২০, ০০০০ শেয়ার × ১ টাকা

= ২০,০০০ টাকা।

৫(খ) নং প্রশ্ন উত্তর

[সমস্যাটি সমাধানের জন্য নিচের গণনাসমূহ সহায়ক হবে:

- ✓ প্রতি শেয়ারের লিখিত মূল্য ১০ টাকা। প্রতি শেয়ারে অধিহারের পরিমাণ= ১০ টাকা × ১০%=১ টাকা। প্রতি শেয়ারের বিক্রয়মূল্য (১০+১)টাকা = ১১ টাকা।
- ✓ অনুমোদিত শেয়ার সংখ্যা ১,০০,০০০।
- ✓ অনুমোদিত শেয়ার মূলধন = অনুমোদিত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের অভিহিত মূল্য = ১,০০,০০০ শেয়ার × ১০ টাকা = ১০,০০,০০০ টাকা
- ✓ ইস্যুকৃত শেয়ার সংখ্যা= জমি ক্রয়ের বিনিময়ে শেয়ার ইস্যু + জনসাধারণের নিকট শেয়ার ইস্যু = ২০,০০০ + ৩০,০০০ = ৫০,০০০
- ✓ ইস্যুকৃত শেয়ার মূলধন = ইস্যুকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের অভিহিত মূল্য = ৫০,০০০ শেয়ার × ১০ টাকা = ৫,০০,০০০ টাকা
- ✓ বিলিকৃত শেয়ার সংখ্যা= জমি ক্রয়ের বিনিময়ে বিলি ২০,০০০ + জনসাধারণের নিকট বিলি ২৮,০০০ = ৪৮,০০০
- ✓ বিলিকৃত শেয়ার মূলধন = বিলিকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের অভিহিত মূল্য = ৪৮,০০০ টাকা × ১০ টাকা = ৪,৮০,০০০ টাকা
- ✓ আবেদনকৃত শেয়ার সংখ্যা = ২৮,০০০।
- ✓ আবেদনকৃত টাকার পরিমাণ= আবেদনকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের বিক্রয়মূল্য = ২৮,০০০ শেয়ার ×১১ টাকা = ৩,০৮,০০০ টাকা
- ✓ মোট শেয়ার অধিহারের পরিমাণ = বিলিকৃত শেয়ার সংখ্যা× শেয়ার প্রতি অধিহার = (২০,০০০+২৮,০০০)শেয়ার × ১ টাকা = ৪৮,০০০× ১ টাকা =৪৮,০০০ টাকা।
- ✓ জমির ক্রয়মূল্য = বিলিকৃত শেয়ার সংখ্যা × প্রতি শেয়ারের বিক্রয়মূল্য = ২০,০০০ শেয়ার × ১১ টাকা =২,২০,০০০ টাকা।

উপর্যুক্ত গণনাসমূহ পরীক্ষার সময় উত্তরপত্রে দেখাতে হবে না।]

মৌসুমি কোম্পানি লিমিটেড
সাধারণ জাবেদা

তারিখ	হিসাব শিরোনাম ও ব্যাখ্যা	সূত্র	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
২০১৯ খ্রি:				
জানু-৩১	জমি (২০,০০০×১১) ডে.		২,২০,০০০	
	শেয়ার মূলধন (২০,০০০×১০) ক্রে.			২,০০,০০০
	শেয়ার অধিহার (২০,০০০×১) ক্রে.			২০,০০০
	(জমি ক্রয় করে উহার বিনিময়ে প্রতি শেয়ার ১ টাকা অধিহারসহ ১১ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার ইস্যু করা হলো।)			
মার্চ-০১	ব্যাংক (২৮,০০০×১১) ডে.		৩,০৮,০০০	
	শেয়ার আবেদন (২৮,০০০×১১) ক্রে			৩,০৮,০০০
	(প্রতি শেয়ার ১টাকা অধিহারসহ ১১ টাকা মূল্যের ২৮,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল।)			
মার্চ-১৫	শেয়ার আবেদন (২৮,০০০×১১) ডে.		৩,০৮,০০০	
	শেয়ার মূলধন (২৮,০০০×১০) ক্রে.			২,৮০,০০০
	শেয়ার অধিহার (২৮,০০০×১) ক্রে.			২৮,০০০
	(বিলিকৃত ২৮,০০০ শেয়ারের টাকা প্রতি শেয়ার ১০ টাকা করে শেয়ার মূলধন হিসাবে এবং প্রতি শেয়ার ১ টাকা করে শেয়ার অধিহার হিসাবে স্থানান্তর করা হলো।)			
	মোট=		৮,৩৬,০০০	৮,৩৬,০০০

৫(গ) নং প্রশ্ন উত্তর

মৌসুমি কোম্পানি লিমিটেড

আর্থিক অবস্থার বিবরণী

২০১৯ সালের ১৫/৩১মার্চ তারিখে প্রস্তুতকৃত

বিবরণ	টাকা	টাকা
সম্পদসমূহ		
স্থায়ী পরিসম্পদ:		
জমি/ভূমি		২,২০,০০০
চলতি সম্পদ:		
ব্যাংক জমা		৩,০৮,০০০
মোট সম্পদ=		৫,২৮,০০০
শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ		
শেয়ার মূলধন:		
অনুমোদিত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ার	১০,০০,০০০	
ইস্যুকৃত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ার	৫,০০,০০০	
বিলিকৃত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৪৮,০০০ শেয়ার	৪,৮০,০০০	
পরিশোধিত মূলধন: প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৪৮,০০০ শেয়ার		৪,৮০,০০০
সঞ্চিতি ও উদ্বৃত্ত:		
শেয়ার অধিহার(৪৮,০০০ শেয়ার × ১ টাকা)		৪৮,০০০
শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ=		৫,২৮০,০০০

Test your understanding

(দিনাজপুর শিক্ষা বোর্ড ২০১৯)

[প্রিয় শিক্ষার্থী, নমুনা প্রশ্ন -৫ এবং এর নমুনা উত্তরটি বারবার চর্চার মাধ্যমে এটি তোমার পুরোপুরি আয়ত্বে আনার পর নিচের সমস্যাটি নিজে নিজে সমাধানের চেষ্টা করো:

তোফাজ্জেল কোম্পানি লিমিটেড প্রতিটি ৮০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত ৮,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি উহার ১০% অধিহারসহ ৩,০০০ শেয়ারের বিনিময়ে ২,৬৪,০০০ টাকা মূল্যের ভূমি ক্রয় করে। পরিচালক পর্যদ অবশিষ্ট শেয়ার থেকে ৫,০০০ শেয়ার ১০% অধিহারে ইস্যু করে। মোট ৫,৫০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। কোম্পানি যথারীতি ৫,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বন্টন করে এবং অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেয়া হলো।

ক) অধিহারের মোট টাকার পরিমাণ নির্ণয় করো।

খ) কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও(ব্যাখ্যার প্রয়োজন নেই)।

গ) ব্যাংক জমা ৪,৪০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

এবার উত্তর সংকেত থেকে মিলিয়ে নাও:

- ✓ প্রতিটি শেয়ারের লিখিত/অভিহিত মূল্য ৮০ টাকা। প্রতি শেয়ারে অধিহারের পরিমাণ (৮০× ১০%) = ৮ টাকা।প্রতি শেয়ারের বিক্রয়মূল্য (৮০+৮)টাকা = ৮৮ টাকা।
- ✓ অনুমোদিত শেয়ার সংখ্যা ১০,০০০। ইস্যুকৃত শেয়ার সংখ্যা (৫,০০০+৩,০০০)=৮,০০০ (যার মধ্যে ৩,০০০শেয়ার ভূমি ক্রয়ের জন্য প্রদান করা হয় এবং অবশিষ্ট ৫,০০০ শেয়ার জনগণের নিকট বিক্রির উদ্দেশ্যে বিলি করা হয়)।
- ✓ ৫,৫০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। সুতরাং অতিরিক্ত শেয়ার আবেদন সংখ্যা = (৫,৫০০-৫,০০০) = ৫০০।
- ✓ মোট শেয়ার অধিহার = বিলিকৃত শেয়ার সংখ্যা × শেয়ার প্রতি অধিহার = ৮,০০০ শেয়ার × ৮ টাকা = ৬৪,০০০ টাকা।

আমার বিশ্বাস, এই গণনাগুলি থেকে তোমরা জাবদো ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় তথ্যগুলি পেয়ে যাবে।]

<><><><><><><><><><><><><><><><><>

প্রিয় শিক্ষার্থী,

হিসাববিজ্ঞান ২য়পত্রের চতুর্থ অধ্যায়:যৌথ কোম্পানির মূলধন হিসাব থেকে প্রতি বছর বোর্ড পরীক্ষায় একটি সৃজনশীল প্রশ্ন থাকে। এখানে, আমি তোমাদের অনুশীলন করার জন্য ৫টি নমুনা সৃজনশীল প্রশ্ন ও নমুনা উত্তর দিয়েছি। এছাড়াও প্রতিটি নমুনা প্রশ্নের সাথে ১/২টি করে বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র নিজে অর্জিত জ্ঞান যাচাই ও চর্চার জন্য উত্তরসংকেতসহ সংযুক্ত করেছি ।

তোমাদের প্রতি নির্দেশনা হচ্ছে ,এখানে যে ১০টি সৃজনশীল প্রশ্ন দেয়া হয়েছে অন্তত: এগুলি বারবার বুঝে বুঝে খাতায় করবে। এই ১০টি সমস্যা তোমাদের সম্পূর্ণ আয়ত্বে আসার পর তুমি চাইলে ২০১৭ ,২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ড পরীক্ষার এই অধ্যায়ের সমস্যাগুলিও চর্চা করতে পারো। কোন সমস্যা-সমাধানে সমস্যা হলে সরাসরি আমার মোবাইল নম্বরে ফোন করে জেনে নিবে। সমস্যা নিয়ে বসে থাকবে না।

তোমাদের প্রাক-নির্বাচনি পরীক্ষা ও নির্বাচনি পরীক্ষা এই অধ্যায় থেকে অব্যশই প্রশ্ন থাকবে।

ভালো থেকো, ঘরে থেকো, সুস্থ ও নিরাপদে থেকো। ধন্যবাদ।

মুহম্মদ জিয়াউর রহমান, সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান)

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম, মোবাইল # ০১৭১০-৯৩৫৩৫৬।